দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

084

তারিখ 13 NOV. 1988
পৃষ্ঠা 12 কলাম 8



## প্রফেসর লুৎফুলহায়দার চৌধুরীর ইন্তেকাল

(ইত্তেফাক রিপোর্ট)

বিশিষ্ট শিক্ষাবিদ এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর লুৎফুল হায়দার চৌধুরী (৫৫) গত শুক্রবার রাত্রি পৌনে ১২টায় হৃদযন্ত্রের

(১১শ পৃঃ দ্রঃ)

## লুতফুল হায়দার চৌধুরী

(১ম পৃঃ পর)

ক্রিয়া বন্ধ হইয়া পশ্চিম রাজাবাজারের নিজ বাসভবনে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে...রাজেউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই পুত্র, বহু আত্মীয়স্বজন, গুণগ্রাহী রাখিয়া গিয়াছেন। বায়তুল মোকাররম মসজিদে জানাজার পর বনানী গোরস্তানে তাঁহার লাশ দাফন করা হয়।

দৈনিক সংবাদের সাংবাদিক হিসাবে তাঁহার কর্মজীবনের শুরু। পরে তিনি ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, চট্টগ্রাম কলেজসহ কয়েকটি কলেজে অধ্যাপনা শেষে এবং পরে বেশ কয়েকটি কলেজের অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলা একাডেমী ও পাঠ্যপুস্তক বোর্ডের বিভিন্ন দায়িত্বপূর্ণ পদে কাজ করেন। গত ১৩ই অক্টোবর তিনি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান পদে দায়িত্ব লাভ করেন। প্রফেসর চৌধুরী কেন্দ্রীয় কচি-কাঁচার মেলা ও নজরুল শিক্ষালয়সহ বহু প্রতিষ্ঠানের সহিত জড়িত ছিলেন। তিনি মুক্তিযুদ্ধকালে শহীদ অধ্যাপক মোফাজ্জল হায়দার চৌধুরী এবং বিশিষ্ট সাংবাদিক মরহুম এহতেশাম হায়দার চৌধুরীর ভাই।

আগামী মঙ্গলবার বাদ আসর মরহুমের বাসভবনে (৬৮/১, আমানত শাহ রোড, পশ্চিম রাজাবাজার) কুলখানি অনুষ্ঠিত হইবে।

তাঁহার মৃত্যুতে শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ শোক প্রকাশ করিয়াছেন। বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি ও নজরুল শিক্ষালয়ের পক্ষ হইতে পৃথক পৃথক বিবৃতিতে শোক প্রকাশ করা হইয়াছে।